

# চাকরি খোঁজা

Espen Stranger-Johannessen

Sunniva Høiby-Øiset

Tahmina Akter

4

বাংলা bn




আলিশার একটি চাকরি দরকার, কারণ তার পরিবারের খাবার ও কাপড়ের জন্য টাকার প্রয়োজন।



নিজ দেশে আলিশা কাজ করত না, তবে সে খুব ভাল রাঁধতে পারে এবং মানুষের সাথে কথা বলতেও পছন্দ করে।



সে কি রেস্টুরেন্টে কাজ করতে পারে? আলিশা চাকরির পোস্টের জন্য ইন্টারনেটে খোঁজাখুঁজি করে।




সে শেফ এর চাকরির জন্য একটি বিজ্ঞাপন খুঁজে পায়। শেফ হল সেই ব্যাক্তি, যিনি একটি রেস্টুরেন্টে রান্না করেন।



সে চাকরির ইন্টারভিউ দিতে যায়। রেস্টুরেন্ট ম্যানেজার তাকে বলেন যে, তাদের শেফ হিসাবে প্রশিক্ষণ নিয়েছে এমন কাউকে দরকার।



আলিশা হতাশ হয়ে পড়ে, তবে সে “খাদ্য ও আতিথেয়তা” নামে একটি কোর্স এ অংশগ্রহণ করে। সে আশা করে যে, এটি তাকে একটি রেস্টুরেন্টে চাকরি পেতে সাহায্য করবে।



আলিশাকে তার প্রশিক্ষণ কোর্সের অংশ হিসেবে একটি রেস্টুরেন্টে কাজ করতে হয়। সে বেতন পায় না, তবে সে কাজের অভিজ্ঞতা অর্জন করে।



সে তার সিভিতে কোর্সের সম্পর্কে যাবতীয় তথ্য যুক্ত করেছে। সে যে সমস্ত কাজ করেছে এবং যে কোর্সগুলোতে অংশগ্রহণ করেছে, তার বিবরণই হল সিভি।



পরের বার আলিশা যখন কোন রেস্টুরেন্টে চাকরির ইন্টারভিউ দিতে যায়, তখন তাকে চাকরির প্রস্তাব দেওয়া হয়। এটা কঠিন কাজ। তাকে প্রায়ই সন্ধ্যায় কাজ করতে হয়, যখন তার বাচ্চারা স্কুল থেকে বাড়িতে চলে আসে।



সে গর্বিত যে সে একটি চাকরি পেয়েছে, যাতে সে নিজের টাকা দিয়ে তার পরিবারের জন্য খাবার ও কাপড় কিনতে পারে।

# LIDA Stories

lidastories.net

## চাকরি খোঁজা


Espen Stranger-Johannessen
Sunniva Høiby-Øiset
Tahmina Akter


CC BY